গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লক্ষ্মীপুর
(নেজারত শাখা)
www.lakshmipur.gov.bd

আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭২তম জন্মবার্ষিকী" যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আনোয়ার হোছাইন আকন্দ<br>জেলা প্রশাসক, লক্ষ্মীপুর। |
| সভার তারিখ | : ০২ আগস্ট ২০২১ খ্রি. |
| স্থান | : ভার্চুয়াল প্লাটফর্ম |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই তিনি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এঁর প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর তিনি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৮৫ নং পরিপত্র অনুযায়ী আগামী ০৫ আগস্ট, ২০২১ খ্রি. তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী" 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় দেশব্যাপী উদ্‌যাপন করা হবে। এ দিবসটি লক্ষ্মীপুর জেলায় সফলভাবে আয়োজনের বিষয়ে তিনি সকলকে মতামত ও প্রস্তাব প্রদানের জন্য আহবান জানান।

০২। আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী" যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়।

| ক্র: নং | তারিখ ও বার | সময়/ স্থান | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ০৫ আগস্ট, ২০২১ বৃহস্পতিবার | সকাল ১০.০০ ঘটিকা স্থান: জেলা ষ্টেডিয়াম, লক্ষ্মীপুর | শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জেলা প্রশাসন, লক্ষ্মীপুর |
| ২ | ঐ | দুপুর ১২.০০ ঘটিকা | শহীদ ক্যাপ্টেন শেখ কামালকে নিয়ে আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান (ভার্চুয়ালি) | ঐ |
| ৩ | ঐ | সুবিধামতো সময়ে | শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এঁর রূহের মাগফেরাত কামনা এবং বিশেষ প্রার্থনার আয়োজন। | ০১. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লক্ষ্মীপুর<br>০২. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, লক্ষ্মীপুর<br>০৩. স্ব-স্ব মসজিদ/ মন্দির/ গীর্জা/ প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান পরিচালনা কমিটি |
| ৪ | ঐ | বিকাল ০৪.০০ ঘটিকা | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক লক্ষ্মীপুর জেলায় চারা গাছ বিতরণ কার্যক্রমের উদ্বোধন। | জেলা প্রশাসন, লক্ষ্মীপুর/<br>যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর |
| ৫ | ০৫ আগস্ট ২০২১ মাসব্যাপী | -- | শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এঁর জন্মবার্ষিকী উদ্‌যাপন বিষয়ক একটি দৃষ্টিনন্দন ব্যানার সকল দপ্তর, সংস্থা, সকল বিভাগীয় ও জেলা ক্রীড়া সংস্থার অফিসের সামনে/গেটে/গুরুত্বপূর্ণ স্থানে | জেলা প্রশাসন, লক্ষ্মীপুর/ জেলার সকল বিভাগীয় অফিস ও জেলা ক্রীড়া সংস্থা, লক্ষ্মীপুর |

০৩। আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী" যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের উপলক্ষ্যে ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিতব্য আলোচনা সভায় জেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

০৪। আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী" যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের উপলক্ষ্যে সার্বক্ষণিক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর-কে অনুরোধ করা হয়।

০৫। সদর উপজেলা ব্যতীত লক্ষ্মীপুর জেলার অন্য ০৪টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরূপ কর্মসূচি প্রণয়নপূর্বক আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী" যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

০৬। স্থানীয় প্রিন্ট/ইলেক্ট্রনিক মিডিয়া/সংবাদপত্রসমূহের সম্পাদকবৃন্দ/সাংবাদিকবৃন্দকে আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী" উদ্‌যাপন উপলক্ষ্যে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়।

০৭। আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মবার্ষিকী" উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত সকল কর্মসূচিতে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ ও স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৮/২০২১

(মো: আনোয়ার হোছাইন আকন্দ)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর
ফোনঃ ০৩৮১-৬২৪১০
ফ্যাক্সঃ ০৩৮১-৬২৪৩০
dclakshmipur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.৫১০০.০০৭.৩১.০৪২.২০২১-৩৫০

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৮ / ০৩ আগস্ট ২০২১

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৬/০৮/২০২১

(মো: আনোয়ার হোছাইন আকন্দ)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর

স্মারক নং-০৫.৪২.৫১০০.০০৭.৩১.০৪২.২০২১-৩৫০

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৮ / ০৩ আগস্ট ২০২১

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১। -------------------------------------------------------
-------------------------------------------------------
-----------------------------------------------, লক্ষ্মীপুর।

(মোহাম্মদ নূর-এ-আলম)